# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯১২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

### আরবী

وَعَنْ سَعْدِ بْنِ عُبَادَةَ قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أُمَّ سَعْدٍ مَاتَتْ فَأَيُّ الصَّدَقَةِ أَفْضَلُ؟ قَالَ: «الْمَاءُ» . فَحَفَرَ بِئْرًا وَقَالَ: هَذِهِ لأم سعد. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

### বাংলা

১৯১২-[২৫] সা'দ ইবনু ’উবাদাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রসূল! উম্মু সা’দ (অর্থাৎ আমার মা) মৃত্যুবরণ করেছেন, তাঁর মাগফিরাতের জন্য কোন্ ধরনের দান সদাক্বাহ্ (সাদাকা) উত্তম? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ’’পানি’’, (এ কথা শুনে) সা’দ কূপ খনন করলেন এবং বললেন, এ কূপ উম্মু সা’দ (রাঃ)-এর জন্য সদাক্বাহ্ (সাদাকা)। (আবূ দাঊদ, নাসায়ী)[1]

### ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আবূ দাঊদ ১৬৮১, নাসায়ী ৩৬৬৪, সহীহ আত্ তারগীব ৯৬২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: সা‘দ (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন, আমার মায়ের নিকট সাওয়াব পৌঁছানোর জন্য সবচেয়ে উত্তম দান কোনটি? রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেন যে, পানি। আহমাদ, নাসায়ী, ইবনু মাজাহ্ ও ইবনু হিব্বান-এর বর্ণনায় রয়েছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘‘পানি পান করানো’’। কেননা ঐ সময় মদীনায় পানির স্বল্পতা ছিল। তবে পানি এমন একটি বস্ত যা স্বাভাবিকভাবেই সর্বদা সবচেয়ে প্রয়োজনীয় বস্ত হিসেবে পরিগণিত হয়। আল্লামা মুল্লা ‘আলী ক্বারী (রহঃ) বলেন, নিশ্চয় পানি দান করাই সর্বোত্তম। কারণ দীনী ও পার্থিব উভয় ক্ষেত্রের কর্মে সবচেয়ে উপকারী বস্ত হলো পানি। বিশেষ করে উষ্ণ/শুষ্ক বা উচ্চ তাপমাত্রার দেশসমূহে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন